ভোরের কাগজ

১৩৭

তারিখ ··· ··· MAR 08 2000 ···
পৃষ্ঠা ··· ··· কলাম ··· ··· ···

এসএসসির ৫ম দিন

# 'ছোট' পরীক্ষার কারণে নকল ও বহিষ্কারের মাত্রা কমে এসেছে

কাগজ প্রতিবেদক : এসএসসি পরীক্ষার ৫ম দিনে গতকাল মঙ্গলবার নকল প্রবণতা আরো কমে গেছে। শিক্ষা বোর্ডগুলোর সূত্রে জানা গেছে, 'ছোট' পরীক্ষা থাকায় নকল ও বহিষ্কারের মাত্রা কমেছে। গতকাল ঢাকা শিক্ষা বোর্ডের অধীনে ১৭জন ও যশোর শিক্ষা বোর্ডে মাত্র চারজন পরীক্ষার্থীকে নকলের দায়ে বহিষ্কার করা হয়।

● এরপর -পৃষ্ঠা ২ কলাম ৫

## নকল কমেছে

● প্রথম পাতার পর

এদিকে, রাজশাহী বোর্ডের অধীনে শাহজাদপুর সরকারি কলেজ ও পাইলট উচ্চ বিদ্যালয় পরীক্ষা কেন্দ্রে আজ থেকে বিডিআর মোতায়েন করা হবে।

রাজশাহী বোর্ডের চেয়ারম্যান অধ্যাপক খোন্দকার খলিলুর রহমান গতরাতে ভোরের কাগজকে বলেছেন, গতকালের মধ্যে বিডিআর মোতায়েন না করা হলে আজ থেকে এই কেন্দ্র বাতিল করার সিদ্ধান্ত ছিল বোর্ডের। কিন্তু সিরাজগঞ্জ জেলা প্রশাসক আজ থেকে পাইলট উচ্চ বিদ্যালয় কেন্দ্রে বিডিআর মোতায়েনের নিশ্চয়তা দেওয়ায় তা বাতিল করা হচ্ছে না।

মতলব প্রতিনিধি জানান, মতলবে পাঁচটি পরীক্ষা কেন্দ্র থেকে একজন নকলের দায়ে বহিষ্কৃত হয়।

ধামরাই প্রতিনিধি জানান, গতকাল হিসাববিজ্ঞান পরীক্ষা চলাকালে ধামরাই সফরে হার্ডিঞ্জ ও বালিকা বিদ্যালয় কেন্দ্রে তিনজন পরীক্ষার্থী নকল করার দায়ে বহিষ্কার হয়।

ইসলামপুর প্রতিনিধি জানান, জামালপুরের ইসলামপুরে গুঠাই কেন্দ্রের আওতায় গতকাল এসএসসির 'বেসিক ট্রেড' পরীক্ষার তিনজন পরীক্ষার্থীকে কর্তৃপক্ষের দায়িত্বে অবহেলার কারণে সন্ধ্যার পর মোমবাতি জ্বালিয়ে পরীক্ষা দিতে হয়। দুপুর ২টায় এ পরীক্ষা শুরু হওয়ার কথা। কিন্তু দায়িত্বরত শিক্ষক খাতা ও প্রশ্নপত্র নিয়ে যথাসময়ে না আসায় পরীক্ষার্থীরা বিপদে পড়ে। পরবর্তী সময়ে সন্ধ্যায় পৌর এলাকার জে জে কে এম হাই স্কুল এন্ড কলেজে মোমবাতি জ্বালিয়ে উক্ত তিনজন পরীক্ষার্থীর পরীক্ষা নেওয়া হয়।